



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তা- ২৮/০৮/২০২২খ্রি:

প্রেস রিলিজ

রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক পৃথক ০২ টি অভিযানে ১৫ কেজি শুকনো গাঁজা ও ১৪ বোতল ফেন্সিডিল উদ্ধারসহ ০২ জন গ্রেফতার।



অভিযান-১



অভিযান-২

অদ্য ২৮/০৮/২০২২ খ্রি. গোপন সংবাদের ভিত্তিতে উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায়, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ সাজ্জাদ হোসেন এর অপরেশন পরিকল্পনায় রংপুর মহানগরী এলাকায় মাদক বিরোধী ০২ টি অভিযান পরিচালিত হয়।

অভিযান-১: অদ্য ২৮/০৮/২০২২ খ্রি. রাত্রি অনুমান ০১.২০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) মোঃ গোলাম মোর্শেদ এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর তাজহাট থানাধীন মডার্ণ মোড়ছ চাঁদ পেট্রোল পার্স এর বিপরীত পার্শ্বে মনির স্টের নামীয় পান-সিগারেট এর দোকানের সামনে রংপুর-টু-চাকা মহাসড়কের পার্শ্বে এ তিসা পরিবহন নামীয় একটি যাত্রীবাহী বাসে তল্লাশী চালিয়ে ০২ (দুই) টি ব্যাগের ভিতর রক্ষিত ১৫ (পনের) কেজি শুকনো গাঁজাসহ একজন আসামীকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামীর নাম ও ঠিকানাঃ ০১। মোঃ সাদেকুর রহমান (২০), পিতা- মৃত আদম আলী, মাতা- সাহেরা বেগম, সাং- গেকুন্ডা বড়াইটারী মোস্তফি, থানা- লালমনিরহাট সদর, জেলা- লালমনিরহাট।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে তাজহাট থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

অভিযান-২: একই তারিখ সকাল ০৭.০০ ঘটিকায় গোপন সংবাদের ভিত্তিতে এসআই (নিঃ) স্বপন কুমার রায় এর নেতৃত্বে সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ আরপিএমপি, রংপুর পরশুরাম থানাধীন সন্ন্যাসীর দিঘি বাজারে ০৪ নং ওয়ার্ড কাউন্সিল অফিসের প্রধান ফটকের সামনে ফুল আমের তল হতে গঙ্গাচড়াগামী পাকা রাস্তায় উপর অভিযান পরিচালনা করে নেশা জাতীয় মাদকদ্রব্য ১৪ (চৌদ্দ) বোতল ফেন্সিডিল উদ্ধারসহ একজন আসামীকে গ্রেফতার করা হয়। আসামীর নাম ও ঠিকানাঃ ০১। মোঃ আব্দুল জলিল (৩৮), পিতা- মৃত হাসান আলী, মাতা- জহরা বেগম, সাং-হররাম শংকর বাজার, ইউপি- চন্দ্রপুর, থানা- কালিগঞ্জ, জেলা- লালমনিরহাট।

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে পরশুরাম থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর অধীন একটি মামলা দায়ের করা হয়।

২৮.০৮.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১